



'समानो मन्त्रः समितिः समानी'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Programme 5th Semester Examination, 2022

DSE1/2-P1-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-1A and DSE-1B
The candidates are required to answer any *one* from the *two* courses.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-1A (উপন্যাস)

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা প্রথম উপন্যাস কোন্টি ? সেটি কোন্ ভাষায় লেখা ? উপন্যাসটি কত সালে প্রকাশিত হয় ?
- (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটি কী ধরনের উপন্যাস ? এটি কবে গ্রন্থাকারে প্রকাশিত হয় ? কোন্ পত্রিকায়, কত সালে উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয় গ্রন্থাকারে প্রকাশের পূর্বে ?
- (গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের মূল কাহিনি গড়ে উঠেছে যে চরিত্রগুলিকে অবলম্বন করে তাদের নাম ও পরিচয় দাও।
- (ঘ) 'দেনাপাওনা' উপন্যাসটি কার লেখা ? কত সালে প্রকাশিত হয় ? কোন্ পত্রিকায় উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ?
- (ঙ) 'দেনাপাওনা' উপন্যাসের প্রধান দুই চরিত্রের নাম লেখো। এই উপন্যাসের মূল কাহিনি কোন্ বিষয়কে অবলম্বন করে গড়ে উঠেছে ?
- (চ) 'দেনাপাওনা' উপন্যাসে কোন্ গ্রামের ছবি ধরা পড়েছে ? সেই গ্রামের প্রাচীন দেবতার নাম কী ? গ্রামের দেবমন্দিরের ভৈরবী কে ছিলেন ?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) প্রাক-বঙ্কিমপূর্বে বাংলা উপন্যাস রচনার প্রয়াস সম্পর্কে আলোচনা করো।
- (খ) বঙ্কিমচন্দ্রের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কুমতি-সুমতির দ্বন্দ্ব প্রসঙ্গটি আলোচনা করো।
- (গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে উল্লিখিত ব্রহ্মানন্দ চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দেনাপাওনা' উপন্যাসে পল্লীসমাজের যে ছবি ধরা পড়েছে তা সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) 'দেনাপাওনা' উপন্যাসে জমিদারের অত্যাচারের যে ছবি উঠে এসেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- (চ) 'দেনাপাওনা' উপন্যাস অবলম্বনে জমিদারের গোমস্তা এককড়ি নন্দী চরিত্রটি আলোচনা করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২ × ২ = ২৪
- (ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে গোবিন্দলালের জীবনে দুই নারীর ভূমিকা আলোচনা করো।
- (খ) জীবানন্দ চরিত্রের যে উত্তরণ উপন্যাসের শেষে লক্ষ্য করা যায় তা আলোচনা করো।
- (গ) 'দেনাপাওনা' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (ঘ) উনিশ শতকের রাজনৈতিক আন্দোলন, স্বদেশপ্রেম বঙ্কিমের উপন্যাসকে কতটা প্রভাবিত করেছে সে সম্পর্কে আলোচনা করো।

DSE-1B (ছোটগল্প)

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩ × ৪ = ১২
- (ক) বাংলা ছোটগল্পের সার্থক রূপকার কে? তাঁর লেখা চারটি ছোটগল্পের নাম লেখো।
- (খ) 'স্ত্রীর পত্র' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? 'স্ত্রীর পত্র' গল্পের অনুরূপ কয়েকটি গল্পের নাম লেখো।
- (গ) 'স্ত্রীর পত্র' গল্পে কে, কাকে পত্র লিখেছে? কোথায় বসে লিখেছে?
- (ঘ) 'জলসাঘর' গল্পে সামন্ততন্ত্রের ও ধনতন্ত্রের প্রতিনিধিত্ব করেছে যে দুই চরিত্র তাদের নাম লেখো। এই গল্পে উল্লিখিত 'তুফান' ও 'মতি' কে?
- (ঙ) 'দুঃশাসনীয়' গল্পটি কার লেখা? কোন্ প্রেক্ষাপটে গল্পটি লেখা হয়েছে?
- (চ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পটি কার লেখা? লেখকের প্রকৃত নাম কী? এই গল্পে প্রথম ও দ্বিতীয় দ্যুতসভাতে কার পরাজয় হয়েছিল?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬ × ৪ = ২৪
- (ক) ছোটগল্প বলতে কী বোঝো? ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো।
- (খ) 'স্ত্রীর পত্র' গল্পে বিন্দু চরিত্রটি আলোচনা করো।
- (গ) 'জলসাঘর' গল্পে মহিম গাঙ্গুলি চরিত্রটি আলোচনা করো।
- (ঘ) 'দুঃশাসনীয়' গল্পে বস্ত্র সংকটের যে চিত্র ধরা পড়েছে তা আলোচনা করো।
- (ঙ) 'মহেশ' গল্পে সমাজের যে চিত্র উঠে এসেছে তা পরিস্ফুট করো।
- (চ) প্রাক-রবীন্দ্রপর্বে বাংলা ছোটগল্প রচনার প্রয়াস সম্পর্কে আলোচনা করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২ × ২ = ২৪
- (ক) 'স্ত্রীর পত্র' গল্পটিতে নারীর ব্যক্তি স্বাতন্ত্র্যের একটি সুদৃঢ় পদক্ষেপ ধ্বনিত হয়েছে। — বক্তব্যটির যথার্থতা আলোচনা করো।
- (খ) তারাক্ষরের 'জলসাঘর' গল্পে সামন্ততন্ত্রের ও ধনতন্ত্রের উত্থান-পতনের যে দ্বন্দ্বময় চিত্র পরিস্ফুট হয়েছে তা আলোচনা করো।
- (গ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পে পৌরাণিক উপাখ্যানের মধ্যে দিয়ে যে রাজনৈতিক চেতনার পরিস্ফুটন ঘটেছে তা আলোচনা করো।
- (ঘ) উনিশ-বিশ শতকের আর্থ-সামাজিক ও রাজনৈতিক জীবনের ছবি বাংলা ছোটগল্পে যেভাবে উঠে এসেছে তা আলোচনা করো।

—x—